

মডেল অ্যাক্টিভিটি টাস্ক
আমাদের পরিবেশ
চতুর্থ শ্রেণি

১. ঠিক উত্তর নির্বাচন করো :

১.১ চাঁদ পৃথিবীর চারদিকে অনবরত ঘুরছে —

- (ক) উত্তর থেকে দক্ষিণ দিকে
- (খ) দক্ষিণ থেকে উত্তর দিকে
- (গ) পূর্ব থেকে পশ্চিম দিকে
- (ঘ) পশ্চিম থেকে পূর্ব দিকে।

১.২ ব্রোঞ্জ তৈরি করা হয় যে দুটি ধাতু মিশিয়ে সেগুলি হলো —

- (ক) লোহা আর টিন
- (খ) তামা আর টিন
- (গ) লোহা আর তামা
- (ঘ) তামা আর সোনা।

১.৩ টুসু পরব পালন করা হয় যে মাসে সেটি হলো —

- (ক) চৈত্র
- (খ) বৈশাখ
- (গ) শ্রাবণ
- (ঘ) পৌষ।

২. একটি বাক্যে উত্তর দাও :

২.১ ধ্রুবতারাকে আকাশের কোন দিকে দেখা যায়?

২.২ এমন একটা বর্জ্য পদার্থের নাম লেখো যা সহজে মাটিতে মিশে যায় না।

২.৩ পশ্চিমবঙ্গের কোথায় রেল ইঞ্জিন তৈরির কারখানা আছে?

৩. একটি বা দুটি বাক্যে উত্তর দাও :

৩.১ কৃত্রিম উপগ্রহগুলি আমাদের দৈনন্দিন জীবনে কীভাবে সাহায্য করে?

৩.২ ডোকরার পুতুল কীভাবে বানানো হয়?

৪. দুটি বা তিনটি বাক্যে উত্তর দাও :

৪.১ বিষাক্ত সাপ কামড়ালে সঙ্গে সঙ্গে কী কী করা উচিত বলে তোমার মনে হয়?

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।
কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।